



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মহালছড়ি সরকারি কলেজ
Mahalchhari Govt. College

স্থাপিত: ১৯৮৮ খ্রি.
ডাকঘর: মহালছড়ি-৪৪৩০, উপজেলা: মহালছড়ি, জেলা: বাগড়াছড়ি পার্বত্য জেলা।
কলেজ কোড: চট্টগ্রাম শিক্ষা বোর্ড-৫২৫১, কারিগরি-৭১০০৫, জাতীয় বিশ্ববিদ্যালয়-৪৭০৮
Email : mahalchhari.college@gmail.com, EIIN No: 106807
Web: mahalchhari.college.gov.bd, Mobile : 01776-396400, 01577-247901

স্মারক নং: ৩৭.০২.৪৬.৬৫.০১২.৯৯.২৬ - ৭৭০

তারিখ: ০২/০৭/২০২৬

সভাপতি : প্রফেসর মোঃ শামছুর রহমান (৪৮৯০)

সভার স্থান : অধ্যক্ষের কার্যালয়

সভার তারিখ ও সময় : ১ সেপ্টেম্বর-২০২৬, বিকাল ২.০০ ঘটিকা

শিক্ষক পরিষদের সভার কার্য-বিবরণী :

পরিশিষ্ট (ক) : সভায় উপস্থিত শিক্ষকদের নাম, পদবী ও স্বাক্ষর।

এ কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের একাডেমিক ফলাফল অধিকতর উন্নয়নের জন্য করণীয় নির্ধারণের উদ্দেশ্যে অধ্যক্ষের সভাপতিত্বে শিক্ষক পরিষদের এক সভা অধ্যক্ষের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। এ কলেজে এইচএসসি ও এইচএসসি (বিএমটি) পর্যায়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত এবং ডিগ্রি (পাস) কোর্সে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের একাডেমিক ফলাফল অধিকতর উন্নয়নের জন্য নিম্নরূপ অতিরিক্ত পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে এবং অতঃপর এই ব্যবস্থা অব্যাহতভাবে চলমান থাকবে।

২। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য একাদশ শ্রেণিতে অর্ধ-বার্ষিক পরীক্ষার পূর্বে একটি এবং অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষার মাঝামাঝি সময়ে আরেকটি মোট - দুটো ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে।

৩। একই নিয়মে দ্বাদশ শ্রেণিতেও প্রাক-নির্বাচনী পরীক্ষার পূর্বে একটি এবং প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার মাঝামাঝি সময়ে আরেকটি - মোট দুটো ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে।

৪। প্রতিটি ক্লাস টেস্টের পূর্ণমান হবে ৫০ নম্বর। যে সকল বিষয়ের প্রশ্নের CQ ও MCQ অংশ রয়েছে সে সকল বিষয়ের নম্বর বন্টন হবে : CQ-30 এবং MCQ-20; সময় : দেড় ঘণ্টা। প্রতিপত্রের জন্য পরীক্ষার ফি হবে ৩০/- (ত্রিশ) টাকা।

৫। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএমটি) পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য একাদশ শ্রেণিতে বর্ষ-মধ্য পরীক্ষার পূর্বে একটি এবং একাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার পূর্বে আরেকটি - মোট দুটি ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে। একই নিয়মে দ্বাদশ শ্রেণিতেও দুটো ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে। প্রতিটি ক্লাস টেস্টের পূর্ণমান : ৫০ নম্বর ; সময়-১ঘণ্টা। প্রতি পত্রের জন্য পরীক্ষার ফি ৩০/- (ত্রিশ) টাকা।

৬। ডিগ্রি(পাস) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রতিবর্ষে (১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ) বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষার পূর্বে একটি টেস্ট পরীক্ষার আয়োজন করা হবে। পরীক্ষার পূর্ণমাণ হবে ৮০ নম্বর এবং প্রতি পত্রের জন্য টেস্ট পরীক্ষার ফি হবে ১৫০/- টাকা। সময় : ৩ ঘণ্টা।

৭। এইচএসসি পর্যায়ের শিক্ষার্থীদের ক্লাস টেস্টের ফি একাদশ শ্রেণিতে ভর্তির সময় এবং দ্বাদশ শ্রেণির সেশন ফি আদায়ের সময় আদায় করা হবে এবং ডিগ্রি (পাস) কোর্সের শিক্ষার্থীদের টেস্ট পরীক্ষার ফি ১ম বর্ষে ভর্তি সময় এবং ২য় ও ৩য় বর্ষের সেশন ফি আদায়ের সময় আদায় করা হবে।

আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।


০২/০৭/২০২৬
প্রফেসর মোঃ শামছুর রহমান (৪৮৯০)

অধ্যক্ষ
মহালছড়ি সরকারি কলেজ
মহালছড়ি, বাগড়াছড়ি।